## এস এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

বাংলা প্রথম পত্র (সৃজনশীল) বিষয় কোড: ১০১

**সময় ঃ ২ ঘণ্টা ১০ মি.** **পূর্ণমান- ৬০**

*[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উল্লেখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। প্রতিটি অংশ থেকে কমপক্ষে ১টি করে মোট ৬টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রন দূষণীয়।]*

### ক অংশ — গদ্য

**১.** ▶ বুদ্ধদেব বসুর 'নদীর স্বপ্ন' কবিতায় দুরন্ত এক কিশোরের কল্পনার চমৎকার আবেগ প্রকাশিত হয়েছে। কিশোর কানাই তার ছোট বোন ছোকানুকে নিয়ে স্বপ্নে নৌকা ভ্রমণে যায়। নৌকাতে উঠে নদীর পর নদী পার হয়ে যায়। উপভোগ করে নীল রঙের আকাশ, ঝাঁকে ঝাঁকে মনে গভীর স্বপ্ন নিয়ে আসে। এত কিছুর মধ্যে ও বোনের প্রতি দায়িত্ব পালনে কোন ঘাটতি নেই। দুই ভাইবোনের বিচিত্র বিষয় নিয়ে বিস্ময় ও কৌতূহল মানুষের চিরায়ত শৈশবকেই যেন স্মরণ করিয়ে দেয়।

ক. টিনের ভেঁপু বাঁশির দাম কত? ১

খ. সর্বজয়া কেন সংসার ছেড়ে চলে যেতে চায়? ২

গ. উদ্দীপকটি 'আম-আঁটির ভেঁপু'র' সাথে কোন ক্ষেত্রে সম্পৃক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. "প্রেক্ষাপট ভিন্ন হলেও উদ্দীপক ও 'আম-আঁটির ভেঁপু' গল্পে চিরায়ত শৈশবকেই যেন স্মরণ করে।"— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

**২.** ▶ শিক্ষা হচ্ছে বাধ্যতামূলক একটি পদ্ধতি। আর সাহিত্য হচ্ছে আত্মার লীলা মাত্র। শিক্ষা হচ্ছে সেই বস্তু যা লোকে অনিচ্ছা সত্ত্বেও গলাধঃকরণ করতে বাধ্য হয়। অপরপক্ষে কাব্যরস শুধু স্বেচ্ছায় নয়, সানন্দে পান করে। শাস্ত্র মতে, সে রস অমৃত। সুতরাং শিক্ষা ও সাহিত্য সম্পূর্ণ বিপরীত।

ক. সাহিত্য চর্চার জন্য কোনটি প্রয়োজন? ১

খ. 'যে জাতি যত নিরানন্দ সে জাতি তত নির্জীব।' কেন? ব্যাখ্যা কর। ২

গ. আমাদের স্কুল-কলেজের শিক্ষার নেতিবাচক পরিণাম ব্যাখ্যা কর। ৩

ঘ. 'শিক্ষার মাধ্যমে আত্মোন্নতি সম্ভব'— বিশ্লেষণ কর। ৪

**৩.** ▶ সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত এমনকি চব্বিশ ঘণ্টা ধরে চলে আমার ওপর অত্যাচার। সাধারণ মানুষের পদচারণা, রিকশা, ট্যাক্সি, দূরপাল্লার গাড়ি, মালবাহী ট্রাক, সবই আমার বুকের ওপর দিয়ে চলে। কিন্তু কখনো কেউ ভাবে না আমার শরীরটার কথা। ময়লা-আবর্জনা ফেলে যখন আমার শরীরটাকে ঢেকে দেয়, খুঁড়ে খুঁড়ে দেহটাকে ক্ষত-বিক্ষত করে, তখন কষ্ট পাই, মরে যেতে ইচ্ছে করলেও আমার নাগরিকদের দুর্ভোগের কথা ভেবে নীরবে সব সহ্য করি, আমি রাজপথ বলে।

ক. বনফুলের প্রকৃত নাম কী? ১

খ. 'মাটির ভিতরে শিকড় অনেক দূরে চলে গেছে'— উক্তিটি কেন করা হয়েছে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের ভাববস্তু 'নিমগাছ' গল্পের কোন দিকটি নির্দেশ করে? বুঝিয়ে লেখ। ৩

ঘ. উদ্দীপকটি 'নিমগাছ' গল্পের সমগ্র ভাবকে প্রকাশ করে কী? যুক্তিসহ আলোচনা কর। ৪

http://teachingbd.com

## খ অংশ — পদ্য

৪. ▶ যিনি জীবনের অর্জিত সব ধনসম্পদ মানব সেবায় দান করেছেন, দেশের বিভিন্ন অঞ্চলে প্রতিষ্ঠা করেছেন শিক্ষাপ্রতিষ্ঠান, হাসপাতালসহ আরও অনেক সেবামূলক প্রতিষ্ঠান। উপমহাদেশের এই আত্মত্যাগী মানুষটি হলেন দানবীর আর পি সাহা যার পুরো নাম রণদা প্রসাদ সাহা। সৎ ও শুভ কর্ম করে জগতে মানুষের মধ্যে দীর্ঘদিন বেঁচে থাকার জন্য দৃঢ় সংকল্প প্রয়োজন। তা না হলে শুকনো ফুলের মতোই সবার কাছে অনাদৃত হতে হবে।

ক. রবীন্দ্রনাথ ঠাকুরের পিতামহের নাম কী? ১

খ. ফুলের রূপকের মধ্যে কবি কী বোঝাতে চেয়েছেন? ২

গ. 'প্রাণ' কবিতায় কবির প্রত্যাশার সাথে উদ্দীপকের সাদৃশ্য কী? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'সৎ ও শুভ কর্ম মানুষকে অমরত্ব দান করতে পারে। যুক্তিসহকারে আলোচনা কর। ৪

৫. ▶ অভিযাত্রিক দল দুর্গম পথের দুঃসাহসী পথিক। বন্ধুর পথে তাদের যাত্রা। লক্ষ্যস্থলে পৌঁছুতে তারা অটল, অবিচল। মুক্তপথের এ যাত্রী অফুরন্ত প্রাণশক্তির অধিকারী। অভিযাত্রিকের চলার গতিকে বহমান নদীর সঙ্গে তুলনা করা যায়।

ক. 'চন্দ্রমা' শব্দের অর্থ কী? ১

খ. 'শঙ্কা নাই, সমান যাই'— বলতে কী বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপকের ভাববস্তু 'ঝর্ণার গান' কবিতার সঙ্গে কীভাবে সঙ্গতিপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. "অভিযাত্রিকের চলার গতিতে ঝর্ণার গতিশীলতা বিদ্যমান।"— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৬. ▶ ১৯৫২ সালের ২১শে ফেব্রুয়ারি তারিখে পাকিস্তানি শাসকগোষ্ঠী পূর্ব বাংলায় ১৪৪ ধারা জারি করে। কিন্তু এ দেশের ছাত্র-জনতা বাংলা ভাষার দাবিতে ১৪৪ ধারা ভঙ্গ করে মিছিল বের করে। মিছিলে অতর্কিতভাবে পাকিস্তানি বাহিনী লাঠিচার্জ, টিয়ার গ্যাস নিক্ষেপ ও গুলি চালায়। এতে রফিক, সালাম, বরকতসহ অনেকেই শহিদ হন। এতে করে বাঙালি জনতা আরও স্বতঃস্ফূর্তভাবে আন্দোলনে ঝাঁপিয়ে পড়ে।

ক. কার ফুসফুস এখন পোকার দখলে? ১

খ. শহরের বুকে জলপাই রঙের ট্যাঙ্ক এলো কেন? ২

গ. উদ্দীপকে 'তোমাকে পাওয়ার জন্যে হে স্বাধীনতা' কবিতার কোন দিকটি ফুটে উঠেছে?— ব্যাখ্যা কর। ৩

ঘ. "প্রেক্ষাপট ভিন্ন হলেও প্রতিবাদের ভাষা একই"— যুক্তিসহকারে আলোচনা কর। ৪

http://teachingbd.com

৭. ▶ দীনু রায়ের বাজার এলাকায় থাকে। তার কাছে রায়ের বাজারের বধ্যভূমি সম্পর্কে জানতে চাইলে অনর্গল বলতে থাকে। দীনুর বাবা একজন শহিদ বুদ্ধিজীবী। মায়ের কাছ থেকে শুনে সে কষ্ট পেলেও মনে মনে গর্ববোধ করে। তার মা তাকে বলেন, মুক্তিযুদ্ধে যারা শহিদ হয়েছেন তাদের স্মরণে সাভারেও একটি স্মৃতিসৌধ নির্মাণ করা হয়েছে। স্মৃতিসৌধ, বধ্যভূমি এগুলো তরুণ প্রজন্মের কাছে মুক্তিযুদ্ধের প্রামাণ্য দলিল হয়ে দাঁড়িয়ে আছে। দীনু এ প্রজন্মের একজন সাহসী তরুণ।

ক. 'কাকতাড়ুয়া' উপন্যাসটি কোন প্রেক্ষাপটে রচিত? ১

খ. যুদ্ধের সময় বুধা গ্রাম ছেড়ে পালালো না কেন? ২

গ. উদ্দীপকটির 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধার সাথে কীভাবে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের বধ্যভূমি ও পঠিত উপন্যাসের 'কাকতাড়ুয়া' উভয়ই মুক্তিযুদ্ধের প্রামাণ্য দলিল। মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৮. ▶ বিন্দু ১৯৭১ সালে স্বামীকে হারায়। একমাত্র মেয়েও পোলিও রোগে দুবছর আগে মারা যায়। ছেলেটিই ছিল তার সংসারের অবলম্বন। কিছুদিন আগে ছেলেটি গৃহনির্মাণের কাজ করতে গিয়ে ছাদ থেকে পড়ে মৃত্যুবরণ করে। বিন্দু এক বাড়িতে কাজ নেয়। সেই বাড়ির ছেলেটিকে দেখে তার ছেলেটির কথা মনে পড়ে যায়। ওকেই বুকে জড়িয়ে বিন্দুর দুঃখ লাঘব হয়।

ক. কুন্তি সম্পর্কে বুধার কী হয়? ১

খ. বুধা কেন কাকতাড়ুয়ার ভেতর গাঁয়ের অধিকাংশ মানুষকে দেখতে পায়? ২

গ. উদ্দীপকের বিন্দুর 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন চরিত্রের সাথে সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের সমগ্রভাবকে প্রতিফলিত করে না— যুক্তিসহকারে আলোচনা কর। ৪

৯. ▶ রণজিত বাবু জীবনের সঞ্চিত সব টাকা দিয়ে এক খানা জমি কিনে। কিন্তু মেয়ের বিয়ের সময় এ জমিটুকু বন্ধক রাখে ঘনিষ্ঠ বন্ধুর নিকট। নির্ধারিত সময়ে টাকা পরিশোধ করতে না পারায় শর্তানুযায়ী জমিটি তার বন্ধুকে লিখে দিতে চাপ দিচ্ছেন। রণজিত বাবু বন্ধুর কাছে সময় চাইলেও আর একদিন সময় দিতেও সে নারাজ। বন্ধুর এহেন আচরণে রণজিত বাবু ভীষণভাবে মর্মাহত হয়েছেন।

ক. হাতেম আলীর বাল্যবন্ধুর নাম কী? ১

খ. 'বিলাপ করিয়া কী হইবে?'— কথাটি বহিপীর কেন বলেছেন? ২

গ. উদ্দীপকের রণজিত বাবুর বাস্তবতা বহিপীর নাটকের কোন দিকটির সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. বন্ধুর প্রতি বন্ধুর আচরণ উদ্দীপক ও বহিপীর নাটকের আলোকে বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

সময় — ৪০ মিনিট　　পূর্ণমান — ৪০　　বাংলা **প্রথম** পত্র: নৈর্ব্যক্তিক অভীক্ষা　　বিষয় কোড: | ১ | ০ | ১ |

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. **টেনিসনের 'রিং আউট দি ওল্ড' ও রবীন্দ্রনাথ ঠাকুরের 'এসো হে বৈশাখ'-এ দুয়ের মধ্যে মিল কোথায়?**
ক দুটোর মূলভাব অভিন্ন
খ দুটোর আঙ্গিক অভিন্ন
গ একটি অন্যটির অনুবাদ
ঘ দুটোই বাংলা নববর্ষকে উদ্দেশ্য কর লেখা

২. **আধুনিক বাংলা নাট্য সাহিত্যের পথিকৃৎ কে?**
ক মীর মশাররফ হোসেন
খ দীনবন্ধু মিত্র
গ রবীন্দ্রনাথ ঠাকুর　ঘ মধুসূদন দত্ত

৩. **'আরম্ভ ও উপসংহার নাটকীয় হওয়া চাই'- এই উক্তিটির সঙ্গে নিচের কোনটির মিল আছে?**
ক কবিতা　খ নাটক
গ ছোটগল্প　ঘ উপন্যাস

৪. **লেখক হুমায়ুন আজাদ কত সালে জন্মগ্রহণ করেন?**
ক ১৯৪৬ সালে　খ ১৯৪৭ সালে
গ ১৯৪৮ সালে　ঘ ১৯৫০ সালে

৫. **'অনেক শত হেঁটে এসেছে এ তীর্থযাত্রীরা'- এখানে তীর্থযাত্রী বলতে কোনটিকে বোঝানো হয়েছে?**
ক সংস্কৃত শব্দকে　খ তদ্ভব শব্দকে
গ দেশি শব্দকে　ঘ বিদেশি শব্দকে

৬. **সব দেশ ও সংস্কৃতিতেই নববর্ষ উদ্‌যাপনের একটি মৌলিক ঐক্য রয়েছে, সেটি হলো—**
i. উৎসবের রীতি　ii. নতুনকে বরণ
iii. পুরানো জীর্ণ অস্তিত্বকে বিদায়
**নিচের কোনটি সঠিক?**
ক i　খ ii
গ ii ও iii　ঘ i ও iii

৭. **'উপেক্ষিত শক্তি উদ্বোধন' প্রবন্ধটি পাঠের উদ্দেশ্য হলো—**
ক গণজাগরণ
খ ক্ষুদ্র জনগোষ্ঠীর জাগরণ
গ উপেক্ষিতদের জাগরণ
ঘ মানুষের মনুষ্যত্বের জাগরণ

৮. **ভারতচন্দ্র রায় গুণাকর কার সভাকবি ছিলেন?**
ক রাজা কৃষ্ণচন্দ্র রায়　খ প্রতাপ রায়
গ রাজা মানসিংহ　ঘ আদিত্য রায়

৯. **'কপোতাক্ষ নদ' কবিতাটি কোন ধরনের চতুর্দশপদী কবিতা?**
ক দেশাত্মবোধক　খ কাহিনীমূলক
গ স্মৃতিচারণমূলক　ঘ আত্মজীবনকেন্দ্রিক

১০. **শৈবালের নীর কোনটি?**
ক আয়ু　খ সম্পদ
গ সুখ　ঘ স্নেহ

১১. **রবীন্দ্রনাথ ঠাকুরের 'প্রাণ' কবিতার মূলভাবের সাথে সম্পর্কযুক্ত হিসেবে কোন পংক্তিটি সমর্থনযোগ্য?**
ক মানুষ একে অপরের ওপর নির্ভরশীল
খ মানুষ বাঁচে তার কর্মের মাধ্যমে
গ আশাই মানুষকে বাঁচিয়ে রাখে
ঘ মানব জীবনে সুখ-দুঃখ পালাক্রমে আসে

১২. **'অন্ধবধূ' কবিতায় অন্ধরা যে সমাজে নিগৃহীত সেটি কোন চরণে ফুটে উঠেছে?**
i. অন্ধ গেলে কী আর হবে বোন?
ii. এই আষাঢ়ে আবার বিয়ে হবে
iii. আমের গায়ে বরণ দেখা যায়?
**নিচের কোনটি সঠিক?**
ক i　খ ii
গ iii　ঘ i ও ii

১৩. **কোন পাখিকে 'ফটিক জল' বলে?**
ক শালিক　খ চাতক
গ শুক　ঘ ঈগল

১৪. **'ঐ মন্দির পূজারীর, হায় দেবতা, তোমার নয়'- এখানে প্রকাশিত হয়েছে—**
ক মন্দির পুরোহিতের, অর্চনাকারীর নয়
খ মন্দির অর্চনাকারীর, পুরোহিতের নয়
গ মন্দিরে সাধারণ মানুষের প্রবেশ নিষেধ
ঘ বিশেষ সম্প্রদায় ব্যতীত কেউ মন্দিরে প্রবেশ করতে পারবে না

১৫. **নিচের কোন গ্রন্থটি কবি জসীমউদ্‌দীনের ভ্রমণ কাহিনীমূলক প্রবন্ধ?**
ক মাটির কান্না　খ নকশী কাঁথার মাঠ
গ রাখালী　ঘ চলে মুসাফির

১৬. **'আমি কোন আগন্তুক নই'- কবিতায় ফুটে উঠেছে—**
ক শেকড়ের প্রতি কবির বিশ্বস্ততা
খ বিদেশের প্রতি অনাগ্রহ
গ কবির বৈরাগ্য
ঘ জন্মভূমিকে উপলব্ধি করা

১৭. **'আগামী দিনের কবি' বলতে কী বোঝানো হয়েছে?**
ক জাতির ভবিষ্যৎ কবিকে
খ জাতির ভবিষ্যৎ প্রজন্মকে
গ জাতির সচেতন নাগরিককে
ঘ রেসকোর্স ময়দানে যারা উপস্থিত ছিল সবাইকে

১৮. **বিষয় ও উপাদানে কবি শামসুর রাহমানের কাব্যের বৈশিষ্ট্য হলো—**
ক শহরকেন্দ্রিক　খ গ্রামকেন্দ্রিক
গ নিম্নবিত্তের জীবনকেন্দ্রিক
ঘ উচ্চবিত্তের জীবনকেন্দ্রিক

**নিচের উদ্দীপকটি পড় এবং ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও:**
বাংলার মানুষ বরাবর অসাম্প্রদায়িক ও সাম্যচেতনার অধিকারী। বাংলার প্রাচীন সাহিত্যে মানবতাবাদী এ চেতনার প্রকাশ ঘটেছে।

Teachingbd.com

১৯. উদ্দীপকটি 'আমার পরিচয়' কবিতার কোন চরণের সাথে সাদৃশ্যপূর্ণ?
ক) সবার উপরে মানুষ সত্য তাহার উপরে নাই
খ) সব বিভেদের রেখা মুখে দিয়ে সাম্যের ছবি আঁকবই
গ) এক সাথে আছি, এক সাথে বাঁচি, আজও এক সাথে থাকবই
ঘ) এসেছি আমার পেছনে হাজার চরণচিহ্ন ফেলে

২০. উক্ত চরণে প্রকাশ পেয়েছে—
i. সাম্য ii. ঐক্য
iii. প্রাকৃতিক দৃশ্যের বর্ণনা
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii
গ) iii ঘ) i ও ii

২১. আহাদ মুন্সির বড় ছেলের নাম কী?
ক) আলি খ) মতিউর
গ) মিঠু ঘ) কুদ্দুস

২২. রানি বুধাকে কাকতাড়ুয়া খেলতে বারণ করল কেন?
ক) লড়াই শুরু হয়েছে তাই
খ) মিলিটারি গুলি করতে পারে তাই
গ) ভয়ংকর খারাপ খেলা বলে
ঘ) অশুভ খেলা বলে

২৩. ফজু চাচাদের সঙ্গে পাকিস্তানি ক্যাম্পে মাটি কাটতে গিয়ে মাইন পুঁতে রেখেছিল কে?
ক) ফজু চাচা খ) শাহাবুদ্দিন
গ) বুধা ঘ) আলি

২৪. প্রচুর মাছ উঠলে হরিকাকু বুধাকে কী নামে ডাকে?
ক) কাকতাড়ুয়া খ) খোকনবাবু
গ) সোনাবাবু ঘ) মানিক রতন

২৫. কানু দয়ালের বাড়িতে বসে বুধা কার ভাষণ শুনেছিল?
ক) মওলানা ভাসানীর খ) বঙ্গবন্ধুর
গ) শেরে বাংলার ঘ) ভাসানীর

২৬. বজরায় তরকারী কাটছিল—
i. হকিকুল্লাহ
ii. তাহেরা
iii. খোদেজা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

২৭. হাতেম আলীর জমিদারী রয়েছে—
ক) কাশিমপুরে খ) রেশমপুরে
গ) সোনাপুরে ঘ) মধুপুরে

২৮. নাটকের সূত্রপাত প্রথম কোন দেশে হয়?
ক) চীন খ) জাপান
গ) গ্রিস ঘ) ফ্রান্স

২৯. ধর্মীয় কুসংস্কার ও সামাজিক অবিচারের বিরুদ্ধে প্রতীকী চরিত্র কোনটি?
ক) বহিপীর খ) হাতেম আলি
গ) হাশেম আলী ঘ) খোদেজা

৩০. কোন আইনের ফলে হাতেম আলির জমিদারী নিলামে উঠেছে?
ক) সূর্যাস্ত আইন খ) ভূমি নিয়ন্ত্রণ আইন
গ) সূর্যোদয় আইন
ঘ) সরকারের বিশেষ আইন

৩১. শিক্ষার সর্বপ্রধান অঙ্গ কোনটি?
ক) সাহিত্য চর্চা করা
খ) লাইব্রেরি প্রতিষ্ঠা করা
গ) পত্রিকা পড়া
ঘ) গুরুর দেয়া নোট মুখস্থ করা

৩২. 'পেনাল কোড'- বলতে কী বোঝায়?
ক) সাধারণ মামলার দণ্ডবিধি
খ) ফৌজদারি মামলার দণ্ডবিধি
গ) পাহাড়ী অধিবাসীদের সাংকেতিক ভাষা
ঘ) পোস্ট অফিসের চিঠি বিলির ব্যবস্থা

৩৩. রামসুন্দরের পারিবারিক অবস্থা কেমন ছিল?
ক) উচ্চ মধ্যবিত্ত খ) মধ্যবিত্ত
গ) নিম্ন মধ্যবিত্ত ঘ) সম্ভ্রান্ত

৩৪. 'নিরীহ বাঙালি'র লেখকের মতে মানুষ হওয়ার জন্য বাঙালির কী প্রয়োজন?
ক) মস্তিষ্কের অনুসরণ করা
খ) অলসতা ত্যাগ করা
গ) অন্যের অনুকরণ করা
ঘ) অধিক চিন্তাশীল হওয়া

৩৫. ঠাকুর দাস মুখুয্যের বর্ষীয়সী স্ত্রী কত দিনের জ্বরে মারা গেলেন?
ক) পাঁচ দিনের খ) ছয় দিনের
গ) সাত দিনের ঘ) আট দিনের

৩৬. আম আঁটির ভেঁপু গল্পে ফুটে উঠেছে—
i. গ্রামের প্রাকৃতিক সৌন্দর্য
ii. সহজ-সরল জীবনযাপনের কথা
iii. প্রকৃতির সাথে ঘনিষ্ঠতা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

৩৭. হুদায়বিয়ার সন্ধি মুসলমানদের জন্য ছিল—
ক) অনুপ্রেরণার খ) গৌরবের
গ) অপমানের ঘ) আশীর্বাদের

৩৮. নিমগাছের উপকারের কথা বর্ণনা করতে গিয়ে লেখক আসলে কী প্রকাশ করেছেন?
ক) বিজ্ঞদের অভিজ্ঞতা খ) কবিরাজের কর্মদক্ষতা
গ) গৃহিণীর বাস্তবতা ঘ) গৃহকর্তার উদাসীনতা

৩৯. 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধে কোনটি প্রতিফলিত হয়েছে?
ক) শিক্ষার গুরুত্ব
খ) মূল্যবোধের গুরুত্ব
গ) সার্টিফিকেট লাভের গুরুত্ব
ঘ) কর্মের গুরুত্ব

৪০. 'মমতাদি' গল্পে মমতাদির মাঝে সব সময় সমুন্নত ছিল কোনটি?
ক) অহংকার খ) আত্মমর্যাদাবোধ
গ) দুঃখ ঘ) বিলাসিতা

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | ঘ | ৩ | গ | ৪ | খ | ৫ | খ | ৬ | গ | ৭ | গ | ৮ | ক | ৯ | ক | ১০ | ক | ১১ | খ | ১২ | ঘ | ১৩ | খ | ১৪ | গ | ১৫ | ঘ | ১৬ | ক | ১৭ | খ | ১৮ | ক | ১৯ | ক | ২০ | ঘ |
| | ২১ | খ | ২২ | খ | ২৩ | গ | ২৪ | ঘ | ২৫ | খ | ২৬ | খ | ২৭ | খ | ২৮ | গ | ২৯ | গ | ৩০ | ক | ৩১ | ক | ৩২ | খ | ৩৩ | গ | ৩৪ | খ | ৩৫ | গ | ৩৬ | ঘ | ৩৭ | গ | ৩৮ | গ | ৩৯ | খ | ৪০ | খ |

Teachingbd.com

http://teachingbd.com